

চারি ক্যাম্পাসে সহাবস্থান নিশ্চিতসহ ৮ দফা দাবিতে আন্দোলনে যাচ্ছে ছাত্রদল

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনৈতিক সহাবস্থান ও হলে হলে সকল সংগঠনের সহাবস্থান নিশ্চিত করাসহ আট দফা দাবিতে আন্দোলনে যাচ্ছে ছাত্রদল। নিয়মতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে অধিকার প্রতিষ্ঠা না হলে শিগগিরই কঠোর কর্মসূচি দেখা হবে বলে জানিয়েছেন ছাত্রদলে নেতারা। দাবি আদায়ের ২ ফেব্রুয়ারি তারিখের কাছে 'স্মারকলিপি' ও ১১ ফেব্রুয়ারি ক্যাম্পাসে বিকোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে সংগঠনটির নেতারা। গতকাল (বৃহস্পতিবার) ছাত্রদলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে ছাত্রদল নেতৃবৃন্দ এই কর্মসূচি ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে ছাত্রদল নেতৃবৃন্দ ক্যাম্পাসে ও হলে হলে সহাবস্থান, ছাত্রদল, শিক্ষক ও সাংবাদিকদের ওপর হামলাকারী চিহ্নিত ছাত্রলীগ সন্ত্রাসীদের মোকদ্দার ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ, অবিলম্বে পরিবেশ পরিবর্তন কার্যক্রম করে ডাকসু নির্বাচন, ছাত্রদল সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সকল নেতৃবৃন্দের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহার, হস্তান্তরো বহিরাগতমুক্ত ও সন্ত্রাসীদের বিতাড়ন, রুখিত বেটন ও ভর্তি ফি প্রত্যাহার, ক্যান্টিন ও জাইনিং- এর খাবারের মান উন্নতকরণ এবং বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথতলোতে ছাত্রলীগ সন্ত্রাসী ও পুলিশের

পাহারা প্রত্যাহার করার দাবি জানায়। অবিলম্বে এই দাবি মেনে নিতে ছাত্রদলের পক্ষ থেকে ৯ ফেব্রুয়ারি সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি বরাবর 'স্মারকলিপি' প্রদান ও ১১ ফেব্রুয়ারি সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিকোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করা হয়েছে। সংবাদ সম্মেলনে স্মিহিত বক্তব্যে অভিযোগ করা হয়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ বর্তমান অনির্বাচিত ডিসি ও এক মদীর-প্রশাসনের মদদে সন্ত্রাসী কর্মকাণ্ড চালাচ্ছে। ডিসি আরেফিন সিদ্দিক একজন শিক্ষক হিসেবে নয়, একজন আওয়ামী লীগ নেতার ডুমিকায় বিশ্ববিদ্যালয় পরিচালনা করছে বলে তারা অভিযোগ করেন। এসময় সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছাত্রদল বিএনপির ছাত্র বিষয়ক উপদেষ্টা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী, ছাত্রদল সভাপতি আব্দুল কাদের খুইয়া জুয়েল, সাধারণ সম্পাদক হাবিবুর রশিদ হাবিব, সিনিয়র সহ-সভাপতি বজলুল করিম চৌধুরী আবেদ, যুগ্ম সাধারণ সম্পাদক এস এম ওবায়দুল হক নাসির, সাংগঠনিক সম্পাদক রাজিব আহসান, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মহিদুল হাসান হিরু, সাধারণ সম্পাদক মাসুদ খান পারভেজ, সিনিয়র সহ-সভাপতি সাদিউল করিম নিরব, সাংগঠনিক সম্পাদক মিনহাজুল ইসলাম মিনহাজ প্রমুখ।